

ফেব্রুয়ারি 11, 2014

অনাবাসী (বহির্দেশি) রুপি (এনআরই) আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ

আরবিআই/2013-14/488

আরপিসিডি.সিও.আরআরবি.আরসিবি.বিসি.নং.85/03.05.33/2013-14

ফেব্রুয়ারি 11, 2014

সমস্ত আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক
রাজ্য / কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক
প্রিয় মহাশয় / মহাশয়া

অনাবাসী (বহির্দেশি) রুপি (এনআরই) আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ

অনুগ্রহ করে আমাদের ডিসেম্বর 2, 2013 তারিখের সার্কুলার আরপিসিডি.সিও.আরআরবি.বিসি.নং.65/03.05.33/2013-14 এবং আরপিসিডি.সিও.আরসিবি.বিসি.নং.68/07.51.014/2013-14 দেখবেন যেখানে আমরা সমস্ত আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক (আরআরবিসমূহ) এবং রাজ্য / কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে (এসটিসিবি/সিসিবিবিসমূহ)-নির্দেশ দিয়েছি, যে বৃদ্ধিশীল এনআরই আমানতগুলির মেয়াদ তিন বছরের বেশি তাদের কোন উর্ধ্বসীমা ছাড়া সুদ প্রদান করার ব্যাপারে স্বাধীনতা, পর্যালোচনা সাপেক্ষে জানুয়ারি 31, 2014 পর্যন্ত অপরিবর্তিত থাকবে, যাতে সিআরআর/এসএলআর-এর বাধ্যবাধকতা থেকে প্রদত্ত ছাড়ের লাভ তারা পেতে পারে।

2. পর্যালোচনার ভিত্তিতে এবং আরআরবি/এসটিসিবি/সিসিবিবিসমূহকে কিছুটা সময় দেওয়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে উপরোক্ত ব্যবস্থা ফেব্রুয়ারি 28, 2014 পর্যন্ত প্রসারিত করা হবে। মার্চ 1, 2014 থেকে সুদের উপর উর্ধ্বসীমা আরআরবিগুলির জন্য আগস্ট 19, 2013 –এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় এবং এসটিসিবি/সিসিবিগুলির জন্য আগস্ট 22, 2013–এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় ফিরে যাবে অর্থাৎ এনআরই আমানতের উপর ব্যাঙ্কের দেওয়া সুদের হার দেশের ভিতরে সমতুল রুপি আমানতের উপর দেওয়া সুদের থেকে বেশি হতে পারবে না।

3. এই বিষয়ে অন্যান্য সমস্ত নির্দেশ, সময়ে সময়ে সংশোধনসহ, অপরিবর্তিত থাকবে।

4. ফেব্রুয়ারি 11, 2014 তারিখের সংশোধিত নির্দেশ আরপিসিডি.সিও.আরআরবি.আরসিবি.নং.86/03.05.33/2013-14 সংলগ্ন করা হল।

আপনার বিশ্বস্ত,

(এ.উদ্গাতা)

প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

অনাবাসী (বহির্দেশি) রুপি (এনআরই) আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ

ব্যাঙ্কিং রেগুলেশন এক্ট, ১৯৪৯-এর ধারা ৩৫A এবং ব্যাঙ্কিং রেগুলেশন এক্ট, ১৯৪৯-এর ধারা ৩৫A (এএসিএস) প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, এবং অনাবাসী (বহির্দেশি) রুপি (এনআরই) আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ বিষয়ক ডিসেম্বর ২, ২০১৩ তারিখের নির্দেশিকা আরপিসিডি.সিও.আরআরবি.ডিআইআর.নং.৬৬/০৩.০৫.৩৩/২০১৩-১৪ এবং আরপিসিডি.সিও.আরসিবি.ডিআইআর.নং.৬৭/০৭.৫১.০১৪/২০১৩-১৪ -এর সংশোধনের মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনগণের স্বার্থের পক্ষে জরুরি ও উপযোগী বিবেচনা করে আগস্ট ১৯, ২০১৩ তারিখের নির্দেশিকা আরপিসিডি.সিও.আরআরবি.ডিআইআর.নং.২৩/০৩.০৫.৩৩/২০১৩-১৪ দ্বারা আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলিকে এবং আগস্ট ২২, ২০১৩ তারিখের নির্দেশ আরপিসিডি.সিও.আরসিবি.ডিআইআর.নং.২৫/০৭.৫১.০১৪/২০১৩-১৪ দ্বারা রাজ্য এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিকে এতদ্বারা নির্দেশ দিচ্ছে যে উক্ত জারি করা নির্দেশগুলি ফেব্রুয়ারি ২৮, ২০১৪ পর্যন্ত বলবৎ থাকবে। মার্চ ১, ২০১৪ থেকে সুদের উপর উর্ধ্বসীমা আরআরবিগুলির জন্য আগস্ট ১৯, ২০১৩ -এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় এবং এসটিসিবি/সিসিবিগুলির জন্য আগস্ট ২২, ২০১৩-এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় ফিরে যাবে অর্থাৎ এনআরই আমানতের উপর ব্যাঙ্কের দেওয়া সুদের হার দেশের ভিতরে সমতুল রুপি আমানতের উপর দেওয়া সুদের থেকে বেশি হতে পারবে না।

ড. (শ্রীমতী) দীপালি পল্ল যোশী
নির্বাহী অধিকর্তা